গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
(www.bkkb.gov.bd)

**বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৫তম সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : কাজী এনামুল হাসান, এনডিসি
মহাপরিচালক (সচিব), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;
সভার তারিখ : ২৮ মে, ২০২৪
সময় : বেলা ৩: ০০ টা
স্থান : ভার্চুয়াল প্ল্যাটফর্ম;

উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান সর্বশেষ ২৫ এপ্রিল, ২০২৪ বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৪তম সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। ৪৪তম সমন্বয় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়। কোন আপত্তি বা সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হলো।

২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৪৪তম সমন্বয় সভার আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ১২ তলা ২টি কল্যাণ ভবন নির্মাণ প্রকল্প:** | | |
| | অতিরিক্ত মহাপরিচালক সভায় অবহিত করেন যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ৩টি বেইজমেন্টসহ ২টি ১২তলা বিশিষ্ট 'বঙ্গবন্ধু কর্মচারী কল্যাণ ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপি'র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ০৭/০৫/২০২৪ তারিখে একনেক সভায় অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা ০৪/০৬/২০২৪ তারিখ আহবান করা হয়েছে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশায় ৩টি বেইজমেন্টসহ ২টি ১২তলা বিশিষ্ট 'বঙ্গবন্ধু কর্মচারী কল্যাণ ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের পরিকল্পনা কমিশনের প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা ০৪/০৬/২০২৪ তারিখ অনুষ্ঠিত হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২।পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |
| ২। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারে নতুন ভবন নির্মাণ:** | | |
| | **ক. মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বাণিজ্যিক ভবন নির্মাণ:**<br>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বিকেকেবি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি'র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৭/৫/২০২৪ তারিখে একনেক সভায় অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠানের জন্য যোগাযোগ অব্যাহত রাখার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | মতিঝিল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টারের নিজস্ব ভূমিতে ৩টি বেইজমেন্টসহ ১৫তলা বিকেকেবি ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি'র জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে ৭/৫/২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠানের জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক(উন্নয়ন), বা.ক.ক.বো; |
| | **খ. চট্টগ্রামের আগ্রাবাদে প্রস্তাবিত বহুতল ভবন নির্মাণ:**<br>পরিচালক, চট্টগ্রাম সভায় অবহিত করেন যে, গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নকশা চূড়ান্ত করার লক্ষ্যে দ্রুতই সভা আহবান করা হবে। | নকশা দ্রুততম সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, বা.ক.ক.বো;<br>২। নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর;<br>৩। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ-৪ চট্টগ্রাম। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **গ. খুলনাস্থ কমিউনিটি সেন্টার প্রকল্প:**<br>খুলনা জোড়াগেটস্থ “কল্যাণ ভবন” নির্মাণের লক্ষ্যে স্থাপত্য অধিদপ্তর কর্তৃক ভবনের নকশাকরণের জন্য স্থাপত্য অধিদপ্তরের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। ইতোমধ্যে স্ব-শরীরে স্থাপত্য অধিদপ্তর, ঢাকায় একাধিকবার উপস্থিত হয়ে সর্বশেষ ২৫/০১/২০২৪ তারিখ সংশ্লিষ্ট সহকারী স্থপতি ও নির্বাহী স্থপতি-কে উক্ত নকশা ও ডিজাইন দ্রুত সম্পন্ন করার জন্য এ বিষয়ে তাগিদ প্রদান করা হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করে দ্রুততম সময়ের খসড়া নকশা দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়। | স্থাপত্য অধিদপ্তর সাথে যোগাযোগ করে স্থাপত্য নকশা দ্রুত প্রস্তুত করতে হবে; | পরিচালক, বিভাগীয় কার্যালয়, খুলনা, বা.ক.ক.বো |
| | **ঘ. বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কাম কমিউনিটি সেন্টার নির্মাণ:**<br>বিভাগীয় কার্যালয়, বরিশালের কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে কাম কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য বরিশাল শহরের লুকাস কম্পাউন্ডে খাস জমি প্রতীকী মূল্যে দীর্ঘমেয়াদী বন্দোবস্তের বিষয়ে বিভাগীয় কমিশনার মহোদয়ের সঙ্গে মৌখিক আলোচনা হয়েছে। বিভাগীয় কমিশনার, বরিশাল মহোদয় এ বিষয়ে পত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করলে গত ২৯/১০/২০২৩ তারিখে ৪২৫ সংখ্যক স্মারকে বিভাগীয় কমিশনার, বরিশাল বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সহকারী কমিশনার (সাধারণ), বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল ০৫.১১.২০২৩ তারিখে ৫২৩ সংখ্যক স্মারক খাস জমি বন্দোবস্তের জন্য জেলা প্রশাসক, বরিশালে পত্র প্রেরণ করেন। সে অনুযায়ী অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), বরিশালের সাথে সরাসরি যোগাযোগ করা হলে তিনি বলেন ৫০ নং বগুড়া আলেকান্দা মৌজায় ৪১৭৫, ৪১৭৬ নং দাগে ০.৩২৫০ একর ভূমি প্রতীকী মূল্যে দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদান করা যেতে পারে মর্মে অবহিত করেন। এ বিষয়ে জেলা প্রশাসক কার্যালয়, বরিশালে যোগাযোগ অব্যাহত রয়েছে। | কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার ও আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে শহরের মধ্যে খাস কিংবা ভিপি জমি বরাদ্দের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের সাথে কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বা.ক.ক.বো |
| | **ঙ. পটুয়াখালী জেলার কুয়াকাটায় রেস্টহাউস কাম রিসোর্ট নির্মাণের জন্য ভূমি বরাদ্দের ব্যবস্থা:**<br>পরিচালক, বরিশাল সভায় জানান যে, পটুয়াখালী জেলার কুয়াকাটায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের রেস্ট হাউজ-কাম রিসোর্ট নির্মাণের জন্য অকৃষি খাস জমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে পূর্বে যে জমির প্রস্তাবনা ছিল সেই জমিতে পটুয়াখালী যুগ্ম জেলা জজ ১ম আদালতে ২১৬/২০২১ এবং কলাপাড়া সিনিয়র সহকারী জজ আদালতে ১৮৫/২০২২ এবং ১১৬/২০২১ নম্বর দেওয়ানী মামলা চলমান রয়েছে। মামলাটি নিষ্পত্তি কার্যকর ব্যবস্থা গ্রহণে সভায় গুরুত্বারোপ করা হয়। | চলমান মামলা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল, বা.ক.ক.বো |
| ৩। | **বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তকরণ:** | | |
| | (ক) পরিচালক, ঢাকা জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিগত ১০/১০/২০২৩ তারিখে বিভাগীয় কমিশনার বরাবর একটি পত্র প্রেরণ করা হয় উল্লেখ্য যে, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) এবং বিভাগীয় পরিচালক, ঢাকা উক্ত বিষয়ে সরাসরি বিভাগীয় কমিশনার মহোদয়ের সাথে সাক্ষাৎ করেন। বিভাগীয় সমন্বয় সভায় পরিচালক মহোদয় বিষয়টি উপস্থাপন করলে কমিশনার | বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে প্রতিটি বিভাগ ও জেলা পর্যায়ে খাস/ অর্পিত/ পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে বোর্ডের বিভাগীয় পরিচালকবৃন্দ জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | মহোদয় পরবর্তীতে বিবেচনা করা হবে বলে আশ্বাস দেন।<br>(খ) পরিচালক, চট্টগ্রাম জানান যে, চট্টগ্রামের নাসিরাবাদ হাউজিং সোসাইটিতে সম্পত্তি প্লট নং-৩৫/এ-২ তে ২১.৪৫ শতক জায়গার উপর একটি আধুনিক মানসম্মত Rest House Cum Dormitory নির্মাণের নিমিত্তে গত ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড (এপিএমবি), চট্টগ্রামের ১৭৮ তম সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড এর অনুকূলে ১,০০,০০১ (এক লক্ষ এক) টাকা প্রতীকীমূল্যে স্থায়ীভাবে বরাদ্দ/ বিক্রয় প্রদানের জন্য সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর সুপারিশসহ প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>(গ) পরিচালক, রাজশাহী জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি বন্দোবস্তের লক্ষ্যে বিস্তারিত প্রতিবেদন ১৩/১১/২০২৩ তারিখ প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>(ঘ) পরিচালক, খুলনা জানান যে, বিভাগীয় বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের বিষয়ে বিভাগীয় ও জেলা পর্যায়ে খাস/অর্পিত/পরিত্যক্ত জমি সংগ্রহের লক্ষ্যে জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। নিজেদের ব্যক্তিগত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(ঙ) পরিচালক, সিলেট জানান যে, বোর্ডের আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে খাস/অর্পিত/পরিত্যাক্ত জমি বন্দোবস্তকরণের জন্য প্রাথমিকভাবে বিভাগীয় কমিশনার, সিলেট ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক ও রাজস্ব), সিলেট এবং সহকারী কমিশনার (ভূমি), সিলেট মহানগর রাজস্ব সার্কেল, সিলেট এর সাথে জমি সংগ্রহের বিষয়ে যোগাযোগ করা হয়েছে।<br>(চ) পরিচালক, রংপুর জানান যে, বিভাগীয় কার্যালয়, রংপুরে একটি কমিউনিটি সেন্টার ও একটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের জন্য অকৃষি জমি বন্দোবস্ত প্রদান বিষয়ে একটি প্রতিবেদন বিগত ০৬/১১/২৩তারিখে বাংলাদেশ কমচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। | যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ হতে হবে। | |
| ৪। | **জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান:** | | |
| | জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান শুধুমাত্র বোর্ডের প্রধান কার্যালয়ের মাধ্যমে কর্মরত ও পিআরএল ভোগরত সরকারি কর্মচারীদের এক বা একাধিকবার সর্বোচ্চ দুই লাখ টাকা প্রদান করা হয়। এ অনুদান বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিতে গুরুত্বারোপ করা হয়। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি করতে হবে।<br>(খ) জাল জালিয়াতি রোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন) প্রধান কার্যালয়, বা.ক.ক.বো |
| ৫। | **সাধারণ চিকিৎসা অনুদান:** | | |
| | ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তি করে নির্ধারিত ছকে প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উল্লেখ করে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন সহ প্রধান কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা হচ্ছে। | (ক) বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিপূর্বক নির্ধারিত ছকে প্রতিটি জেলার তথ্য আলাদাভাবে উল্লেখ করে বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা এবং জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রতি- মাসের ০৭ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রতিবেদন দাখিল করতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT এর তালিকা ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থ প্রেরণের প্রমানক হিসেবে প্রধান কার্যালয়ে পাঠানো হচ্ছে।<br><br>(গ) সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে ইত:পূর্বে জারিকৃত বাছাই কমিটি ও উপকমিটির গঠন সংক্রান্ত আদেশ যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। | (খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT প্রেরণ ও নিশ্চিতকরণের তারিখ উল্লেখপূর্বক ছকমতে তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br>(গ) সাধারণ চিকিৎসা অনুদানের আবেদন নিষ্পত্তির লক্ষ্যে ইতঃপূর্বে জারিকৃত বাছাই কমিটি ও উপকমিটি গঠন সংক্রান্ত আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে। | |
| ৬। | **মাসিক কল্যাণভাতা, যৌথবীমার এককালীন অনুদান ও দাফন/ অন্ত্যেষ্টিক্রিয়া:** | | |
| | চাকরিরত, অক্ষম ও অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর মৃত্যুতে তাঁদের আয়ের ওপর নির্ভরশীল ক্ষমতাপ্রাপ্ত সদস্যকে মাসিক ২,০০০/- টাকার অনুদান হিসেবে সর্বোর্চ্চ ১৫ বছর পর্যন্ত মাসিক কল্যাণ ভাতা প্রদান করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে আবেদন নিষ্পত্তি এবং এ সংক্রান্ত তথ্যাদি বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা ও জেলা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রধান কার্যালয়ে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। এছাড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত সময়ের মধ্যে নিষ্পত্তিকৃত আবেদনের EFT এর তালিকা ব্যাংকে প্রেরণ এবং ব্যাংক কর্তৃক গ্রাহকের অনুকূলে অর্থ প্রেরণের প্রমাণক প্রধান কার্যালয়ে পাঠানোর নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে;<br><br>(খ) নিষ্পত্তিকৃত আবেদনের EFT প্রেরণ ও নিশ্চিতকরণের তারিখ উল্লেখপূর্বক ছক মোতাবেক তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো |
| ৭। | **ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন:** | | |
| | (ক) প্রধান কার্যালয়ের সকল শাখায় ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে এবং এ সংক্রান্ত লক্ষ্যমাত্রা ৮৫% অর্জন করতে হবে;<br>(খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিভাগীয় কার্যালয়সমূহে ডি নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করা হচ্ছে। | প্রধান কার্যালয়ের সকল শাখার নথিসমূহ ডি-নথির মাধ্যমে উপস্থাপন ও নিষ্পত্তি করতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো<br>৩। প্রোগ্রামার। |
| ৮। | **ওয়েবসাইট হালনাগাদকরণ কার্যক্রম:** | | |
| | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>(খ) বিভাগীয় কার্যালয়-সমূহের ওয়েবসাইটের সকল মেনু ও সেবাবক্সের সকল লিংক নিয়মিত ও সঠিকভাবে হালনাগাদপূর্বক প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (ক) প্রধান কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে।<br>(খ) বিভাগীয় কার্যালয়ের ওয়েবসাইট প্রতিনিয়ত হালনাগাদ পূর্বক প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো<br>৩। প্রোগ্রামার। |
| ৯। | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কার্যক্রম:** | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সময়ের মধ্যে কার্যসম্পাদনের প্রমাণকসহ ষান্মাসিক প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | বার্ষিক কর্মসম্পাদন ক্যালেন্ডারের সময়সূচি অনুযায়ী বোর্ডের আওতাধীন বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সময়ের মধ্যে কার্য সম্পাদন করে প্রয়োজনীয় প্রতিবেদন ও প্রমাণকসমূহ APA এর মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অনুসারে প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। | ১। পরিচালক, বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো<br>২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বা.ক.ক.বো |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০। | **অডিট আপত্তি নিষ্পত্তি:** | | |
| | (ক) দীর্ঘ দিনের অনিষ্পন্ন ০৪টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা করতে হবে;<br>(খ) হিসাব শাখা কর্তৃক দ্রুত সময়ের মধ্যে আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ৯৩টি Non Serious Financial Irregularities (NSFI) অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে। | অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), বা.ক.ক.বো; |
| ১১। | **অভ্যন্তরীণ প্রশিক্ষণ:** | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রশিক্ষণসূচি অনুসারে বিভাগীয় কার্যালয়সমূহে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ সংক্রান্ত প্রতিবেদন প্রমাণকসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী গুনগত মানসম্পন্ন ও বাস্তবধর্মী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), |
| ১২। | **অভিযোগ প্রতিকার ব্যবস্থা Grievance Redress System (GRS):** | | |
| | অভিযোগ প্রতিকারের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর নির্দেশনা মোতাবেক স্টেক হোল্ডারদের সমন্বয়ে নিয়মিত সভা করে অভিযোগ প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। গত ০৮ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। | ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনার সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে। | ১। পরিচালক(প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>৩। পরিচালক, বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ১৩। | **জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS):** | | |
| | শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রয়েছে এবং সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা হচ্ছে। | (১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রতিটি প্রান্তিকের প্রতিবেদনসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে আপলোডসহ জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;<br>(২) বিভাগীয় কার্যালয়ের শুদ্ধাচার কৌশল পরিকল্পনা যথাযথ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখা এবং এ সংক্রান্ত সকল প্রতিবেদন বিভাগের ওয়েবসাইটে সঠিক ফরম্যাট অনুসরণ করে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ১৪। | **ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন:** | | |
| | (১) কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষে কার্যক্রম অব্যাহত আছে।<br>(২) তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।<br>(৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রধান কার্যালয়সহ ৮টি বিভাগীয় কার্যালয়ের সমন্বয়ে আগামী ০৬ মে, ২০২৪ তারিখ ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়। উক্ত শোকেসিং এ ৮টি বিভাগীয় কার্যালয়সহ প্রধান কার্যালয় তাদের শ্রেষ্ঠ উদ্যোগগুলো উপস্থাপন করেন। | (১) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সকল কার্যক্রমের অসাধারণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে;<br>(২) তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে।<br>(৩) প্রধান কার্যালয়সহ ৮টি বিভাগীয় কার্যালয় ৬ মে, ২০২৪ তারিখে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত হয়েছে। শ্রেষ্ঠ উদ্যোগগুলো উপস্থাপনের জন্য এবং এ কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে প্রধান কার্যালয়সহ বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তা/ কর্মচারীদেরকে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>৩। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫। | **সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন:** | | |
| | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে ওয়েব সাইটে প্রকাশ করা হচ্ছে। | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>৩। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ১৬। | **তথ্য অধিকার:** | | |
| | সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটে হালনাগাদ করা হচ্ছে। | (১) তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে।<br>(২) সকল প্রতিবেদন সঠিকভাবে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। প্রোগ্রামার, প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>৩। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ১৭। | **বিমান বন্দরে হেল্প ডেস্ক স্থাপন:** | | |
| | বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ৩১/০১/২০২৪ তারিখের ৩৩৮৩/৫৭৩৭ সংখ্যক স্মারকের মাধ্যমে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত/ অবসরপ্রাপ্ত অসামরিক কর্মকর্তা/ কর্মচারীদের বিদেশ থেকে আগমন ও বর্হিগমনের সহায়তা সর্ভিস পরিচালনার জন্য টার্মিনাল-১ এর ভিতরে ১নং গেইট এর ২য় তলায় ১৪০ বর্গফুট জায়গা প্রতি বর্গফুট মাসিক ১২০ টাকা হারে ইজারামূল্যসহ অন্যান্য টাকা অগ্রিম পরিশোধের জন্য অনুরোধের প্রেক্ষিতে ইজারা মূল্য ৮৪,০০০/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ১২,৬০০/- টাকা, ১০% আয়কর বাবদ ৮,৪০০/- টাকা এবং জামানত হিসেবে ৫০,৪০০/- টাকা সহ সর্বমোট ১,৫৫,৪০০/- (এক লাখ পঞ্চান্ন হাজার চারশত) টাকার ৪টি পে-অর্ডার চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের অনুকূলে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে উপপরিচালক (উন্নয়ন) এবং সহকারী পরিচালক (কর্মসূচি) বরাদ্দকৃত স্থান পরিদর্শন করেছেন। বোর্ডের সাথে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সমঝোতা স্মারক (MOU) সম্পাদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখার জন্য সভায় আলোচনা করা হয়। | বোর্ডের সাথে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সমঝোতা স্মারক (MOU) সম্পাদন করতে হবে। | ১। সহকারী পরিচালক(কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। |
| ১৮। | **শাখা পরিদর্শন:** | | |
| | বিভাগীয় কার্যালয়সমূহ ২০২২-২০২৩ অর্থবছর জুলাই মাসে যৌথবীমা, মাসিক কল্যাণ, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়া, সাধারণ চিকিৎসা, অবসর দাফন এবং কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও হিসাব শাখা পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তী পরিদর্শন কার্যক্রম আগামী মাসে সম্পন্ন করা হবে। | (ক) সচিবালয় নির্দেশমালা মোতাবেক কার্য নিষ্পত্তিতে সময়সীমা মেনে চলতে হবে; | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |
| ১৯। | **বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের জমির তথ্য:** | | |
| | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও সিলেট জমির তথ্য সংগ্রহ করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচাকে ১৯/০১/২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় পরিচালক, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী ও সিলেটকে ৩০/০৩/২০২৪ তারিখের মধ্যে জমির প্রয়োজনীয় তথ্য ছক আকারে প্রমাণকসহ প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ | জমির খতিয়ান ও নকশা সংগ্রহপূর্বক বই আকারে প্রস্তুত করে সংশ্লিষ্ট সকলের নিকট এক কপি প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো;<br>২। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |

| | | | |
|---|---|---|---|
| | তারিখে অনুষ্ঠিত বোর্ডের সমন্বয় সভায় এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিভাগীয় পরিচালকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এখন পর্যন্ত জমির প্রয়োজনীয় তথ্য পাওয়া যায়নি। তথ্য সংগ্রহের জন্য গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। | | |
| ২০। | বোর্ডে অর্থ বিনিয়োগ:<br>স্থায়ী আমানত সরকারি সিডিউলভুক্ত ব্যাংকে সর্বোচ্চ রেটে বিনিয়োগ করা যেতে পারে। | সরকারি সিডিউলভুক্ত আর্থিক ভাবে স্বচ্ছল ব্যাংকে সর্বোচ্চ রেটে বিনিয়োগ করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন);<br>২। পরিচালক (প্রশাসন/উন্নয়ন), প্রধান কার্যালয়, বা.ক.ক.বো।<br>৩। পরিচালক , বিভাগীয় কার্যালয়, (সকল), বা.ক.ক.বো। |

০৪। উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কাজী এনামুল হাসান এনডিসি)
মহাপরিচালক (সচিব)

CamScanner